

ইত্তেফাক

তারিখ ... 31 MAR 1947 ...
বৃদ্ধি ... 0 ...

বেসরকারী টিচার্স ট্রেনিং কলেজ বন্ধের ঘোষণা প্রত্যাহারের দাবি

শিক্ষা মন্ত্রণালয়ের মেসেজ ৩৮টি বেসরকারী টিচার্স ট্রেনিং কলেজ বন্ধের ঘোষণা অবিলম্বে প্রত্যাহারের দাবি জানিয়েছে বেসরকারী টিচার্স ট্রেনিং কলেজ টিচার্স এসোসিয়েশন নেতৃবৃন্দ। গতকাল সোমবার ঢাকা সিংপোর্ট ইন্ডাস্ট্রি মিলনায়তনে আয়োজিত এক সংবাদ সম্মেলনে তারা এ দাবি জানান। লিখিত বক্তব্যে বলা হয়, স্বল্পসংখ্যক সরকারি টিচার্স ট্রেনিং কলেজ যখন দেশের বিপুল সংখ্যক শিক্ষকদের প্রশিক্ষণদানের কাজ কোনভাবেই পেরে উঠছিল না তখন জাতীয় প্রয়োজনেই বেসরকারী টিচার্স ট্রেনিং কলেজগুলো প্রতিষ্ঠা করা হয়েছিল।

শিক্ষক নেতৃবৃন্দ বলেন, জাতীয় বিশ্ববিদ্যালয় ও শিক্ষা মন্ত্রণালয়ের বাস্তবায়ন নীতিমালা দেশের সকল বেসরকারী টিচার্স ট্রেনিং কলেজ আর সংস্কৃতির মধ্যে পড়েছে। শিক্ষকরা চাকরি গ্রহণ ও তত্ত্বাবধানে, সরকারি ও বেসরকারী টিচার্স ট্রেনিং কলেজের মধ্যে বৈষম্য দূরীকরণ ও জাতীয় বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন কমিটিতে নিজেদের প্রতিনিধিত্ব নিশ্চিতকরণসহ শিক্ষা মন্ত্রণালয় ও জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের নিকট ১১ দফা দাবি উত্থাপন করেন। সংবাদ সম্মেলনে লিখিত বক্তব্য পাঠ করেন সংগঠনের সভাপতি মোঃ মোহাম্মদ হক।